# সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচনের প্রত্যাশা প্রকাশ জামায়াত আমিরের



সংগৃহীত ছবি

জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান আশা প্রকাশ করেছেন, দেশের আগামী নির্বাচন শতভাগ সুষ্ঠু ও নিরপেক্ষ হবে। তিনি বলেন, গত ১৭ বছরে জনগণের স্বার্থ রক্ষাকারী প্রতিষ্ঠানগুলোকে ধ্বংস করে ফ্যাসিবাদী শাসন চালু করা হয়েছিল।

মঙ্গলবার (২০ জানুয়ারি) সকালে হোটেল ইন্টারকন্টিনেন্টালে বাংলাদেশ জামায়াতে ইসলামীর আয়োজিত পলিসি সামিটে ডা. শফিকুর রহমান এসব মন্তব্য করেন। তিনি আরও জানান, দুর্নীতির বিরুদ্ধে অবস্থান, বিচার বিভাগের স্বাধীনতা রক্ষা এবং দেশের সংস্কারের পক্ষে অবস্থান করলে যেকোনো রাজনৈতিক দলকে আগামীর অগ্রযাত্রায় সহযোগিতা করবে জামায়াত। ডা. শফিকুর রহমান দেশের সকল অংশের মানুষকে ঐক্যবদ্ধ হয়ে কাজ করার আহ্বান জানান। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিভিন্ন দেশের রাষ্ট্রদূত, রাজনৈতিক দল ও ব্যবসায়ী নেতৃবৃন্দ এবং জ্যেষ্ঠ গণমাধ্যম ব্যক্তিত্বরা।

LENS ASIA